# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আহলে কিতাব (ইয়াহুদী- খ্রিষ্টান) কি কাফের?

মহান আল্লাহ্ই তাদেরকে মুশরিক ও কাফের গণ্য করেছেন। তিনি বলেছেন "আর ইয়াহুদীরা বলে, উযাইর আল্লাহর পুত্র এবং খ্রিষ্টানরা বলে, মসীহ আল্লাহর পুত্র । এটা তাদের মুখের কথা মাত্র (বাস্তবে তা কিছুই নয়)। তারা তো তাদের মতই কথা বলছে, যারা তাদের পূর্বে অবিশ্বাস করেছে। আল্লাহ্ তাদেরকে ধ্বংস করুন, তারা উল্টা কোন দিকে যাচ্ছে! তারা আল্লাহকে ছেড়ে নিজেদের পণ্ডিত-পুরোহিতদেরকে প্রভু বানিয়ে নিয়েছে এবং মারইয়াম পুত্র মসীহকেও। অথচ তাদেরকে শুধু এই আদেশ করা হয়েছিল যে, তারা শুধুমাত্র একক উপাস্যের উপাসনা করবে, যিনি ব্যাতিত (সত্য) উপাস্য আর কেউই নেই, তিনি তাদের অংশী স্থির করা হতে পবিত্র " (সুরা তাওবাহঃ ৩০-৩১)

নিশ্চয় তারা অবিশ্বাসী (কাফের) যারা বলে মারইয়াম তনয় মসীহই আল্লাহ্ (সুরা মায়ীদাহঃ ১৭,৭২)

আর মহানবী (ﷺ) বলেছেন, সেই সত্তার কসম, যার হাতে আমার প্রাণ আছে! এই উম্মতের যে কেউ, ইয়াহুদী অথবা খ্রিষ্টান আমার কথা শুনবে, অতঃপর সে আমি যা দিয়ে প্রেরিত হয়েছি, তার প্রতি ঈমান না এনে মারা যাবে, সে জাহান্নামবাসী হবে। (৬)
সুতরাং রাজনৈতিক তোষামোদির কারনে কাফেরকে কাফের মনে না করা, কাফেরদের ভজনালয়কে আল্লাহর ঘর ধারনা করা কুফরী (৭)

ফুটনোট

(৬) মুসলিম (৭) ইবনে উষাইমিন

Source — https://www.hadithbd.com/books/link/?id=4

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন